দৈনিক ইত্তেফাক
তারিখ 02 JUN 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

126

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্ট ॥ সীল ও স্বাক্ষর জাল করিয়া অবৈধভাবে ভর্তি হওয়ার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের প্রথম পর্ব এম কম শ্রেণীর ১২ জন ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিলের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। ইহার মধ্যে নয়জন ছাত্র এবং তিনজন ছাত্রী। ছাত্ররা সকলেই এ, এফ রহমান হলের সাথে সংযুক্ত। ছাত্রদের প্রতিটি ভর্তি ফরমে বিভাগীয় চেয়ারম্যানের জাল সই ও সীল রহিয়াছে।

বাণিজ্য অনুষদের কয়েকজন শিক্ষকের মতে, অনুষদের অন্যান্য বিভাগেও অর্ধশতাধিক ভুয়া ভর্তি রহিয়াছে। বিষয়টি তদন্তের জন্য দুর্নীতি দমন ব্যুরোর প্রতি আহ্বান জানান হইয়াছে।

(৪র্থ পৃঃ দ্রঃ)

## ভর্তি বাতিল

( ৩য় পৃঃ পর )

এ ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবু জায়েদ শিকদারের সহিত টেলিফোনে যোগাযোগ করা হইলে তিনি কিছু বলিতে অস্বীকৃতি জানান এবং টেলিফোন রাখিয়া দেন।